দৈনিক ইত্তেফাক

তারিখ 01 JAN 1993 পৃষ্ঠা ৭ কলাম ৪

151

## আজ হইতে বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক শিক্ষা চালু

আজ ১লা জানুয়ারী সকল বিদ্যালয়ে বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক শিক্ষা চালু হইবে। গতকাল প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সভানেত্রীত্বে অনুষ্ঠিত

( ২য় পৃঃ ৮-এর কঃ দ্রঃ )

## প্রাথমিক শিক্ষা

( ১ম পৃঃ পর )

উচ্চ পর্যায়ের বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়। বৈঠকে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং বিগত বছরের কার্যক্রমে সন্তোষ প্রকাশ করা হয়। প্রধানমন্ত্রী গত বছর বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচীর অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করিয়া ইহাকে একটি সামাজিক আন্দোলনে রূপান্তরিত করার আহ্বান জানান। বৈঠকে জানান হয় যে, জেলা, থানা ও ওয়ার্ডসহ বিভিন্ন স্তরে এ ব্যাপারে গণসচেতনতা সৃষ্টি হইয়াছে।

অর্থমন্ত্রী এম সাইফুর রহমান, শিক্ষামন্ত্রী জমিরউদ্দিন সরকার, পরিকল্পনামন্ত্রী জহির উদ্দিন খান, শিক্ষা প্রতিমন্ত্রী প্রিন্সিপ্যাল ইউনুস খান, প্রধানমন্ত্রীর মুখ্য-সচিব কে এম রব্বানী এবং প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব বৈঠকে উপস্থিত ছিলেন।

১৯৯২ সালের ১লা জানুয়ারী ৬৪টি জেলার ৬৮টি থানায় বাধ্যতামূলক অবৈতনিক প্রাথমিক শিক্ষা চালু করা হয়।

ইউনিসেফ জরিপ রিপোর্ট-এর উদ্ধৃতি দিয়া বৈঠকে বলা হয় ৩০ শতাংশ বিদ্যালয় এলাকার কৃতিত্ব শতকরা একশত ভাগ। কেননা স্কুলে যাওয়ার বয়সের সকল শিশু স্কুলে পড়াশোনা করিতেছে। অবশিষ্ট এলাকার কৃতিত্ব শতকরা ৯১ ভাগ। বৈঠকে গণস্বাক্ষরতা কর্মসূচীর সাফল্যেও সন্তোষ প্রকাশ করা হয়।